

## ফতওয়া নং ৪৫২

### প্রশ্ন

ব্যাংকে ফিক্সড ডিপোজিট করার পরে যে টাকাটা অতিরিক্ত গ্রাহককে দেওয়া হয়, সেটা কি হালাল হবে? আর যদি না হয়, তাহলে কেন ?

### উত্তর:

যেহেতু ব্যাংকে টাকা রাখলে উক্ত টাকার সুদ হয়ে থাকে, তাই প্রয়োজন ছাড়া ব্যাংকে টাকা রাখা ঠিক নয়। প্রয়োজন বশতঃ যদি রাখতেই হয়, সেক্ষেত্রে যে পরিমাণ টাকা ব্যাংকে রাখা হবে, কেবল সেই পরিমাণ টাকা গ্রাহক নিতে পারবে। তার অতিরিক্ত টাকা সুদ হওয়ার কারণে গ্রাহকের জন্য বৈধ নয়। তবে, উক্ত সুদ ব্যাংকে ছেড়ে রাখা যাবে না। বরং, ব্যাংক থেকে উঠিয়ে নিয়ে, সাওয়াবের নিয়ত ছাড়া শুধু দায়মুক্ত হওয়ার উদ্দেশ্যে গরীব, অসহায় মানুষকে দান করে দিতে হবে।

নবী মুহাম্মদ (সা.) বলেছেন: "সুদে রয়েছে সত্তরটি গুনাহ। এর মধ্যে সবচেয়ে ছোট গুনাহ হলো এমন, যেমন একজন পুরুষ তার মায়ের সাথে জিনা করে।" (সুনানে ইবনে মাজাহ, হাদীস নং ২২৭৪)

জাবির (রাঃ) থেকে বর্ণিত:

তিনি বলেন, রসূলুল্লাহ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) লা'নত করেছেন সুদখোরের উপর, সুদদাতার উপর, এর লেখকের উপর ও তার সাক্ষী দু'জনের উপর এবং বলেছেন এরা সবাই সমান। (সহীহ মুসলিম, হাদীস নং ৩৯৮৫)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী  
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।  
১৮ সফর, ১৪৪৬ হিজরী ( 24/08/2024 )